**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-05-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যে নির্বাচন কমিশন আজ আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য ভোট কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করেছে।**

**(২) অষ্টাদশ লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ের ভোটগ্রহণ আজ শেষ হয়েছে।**

**(৩) রাজ্যে পেট্রোল, ডিজেল সহ নিত্য প্রয়োজনীয় পণ্যের যোগান ও মজুত স্বাভাবিক রয়েছে।**

**(৪) সদরের আন্তঃ স্কুল ক্রিকেট প্রতিযোগিতায় আজকের তিনটি ম্যাচে রামঠাকুর পাঠশালা, নেতাজী সুভাষ বিদ্যানিকেতন ও মহাত্মা গান্ধী মেমোরিয়াল স্কুল জয়লাভ করেছে।**

*******************************************

**Panchayat Election:**

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য আজ ভোট কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করেছে। এই খসড়া তালিকায় ভোট কেন্দ্র রয়েছে ২,৬৫০টি । কমিশনের নির্ঘন্ট অনুযায়ী ভোট কেন্দ্রের খসড়া তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহনের কাজ আজ থেকে শুরু হয়েছে। তা চলবে আগামী ২৮শে মে পর্যন্ত। এরপর ৩০ শে মে-এর মধ্যে দাবি ও আপত্তি সমূহের কাজ শেষ হবে। ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে আগামী ৩রা জুন।

*******************

**Draft list of Polling Stations:**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে ঊনকোটি জেলাতেও প্রস্ততিপর্ব শুরু হয়েছে।জেলার কুমারঘাট, গৌরনগর ও চন্ডীপুর ব্লকের ভোটকেন্দ্রের খসড়া তালিকা আজ প্রকাশিত হয়েছে। খসড়া তালিকা অনুযায়ী, ঊনকোটি জেলায় ভোটকেন্দ্রের মোট সংখ্যা 234 ।

এদিকে, আজ বিকেলে কৈলাশহরস্থিত ঊনকোটি জেলা শাসক কার্যালয়ের মিলনায়তনে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয় বৈঠকে সভাপতিত্ব করেন, জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা। আকাশবাণীর জেলা সংবাদ প্রতিনিধিকে জেলাশাসক জানান, ভোটকেন্দ্রের খসড়া তালিকা উপর দাবি-আপত্তি জানানোর সময়সূচি, ইত্যাদি সম্পর্কে আজকের বৈঠকে রাজনৈতিক দলের প্রতিনিধিদের অবহিত করা হয়। তাছাড়া সার্বিক নির্বাচনী প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।

*******************

**Draft list, Gomati:**

গোমতী জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা আজ সর্বদলীয় বৈঠকে গোমতী জেলার ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনের খসড়া ভোটার তালিকা প্রকাশ করেন। তিনি জানান, গোমতী জেলায় ৭০টি গ্রাম পঞ্চায়েত এলাকায় ২৭৯টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে।মোট ভোটার দেড় লক্ষ l গোমতী জেলায় গ্রাম পঞ্চায়েতের আসন সংখ্যা ৭৩৬ টি, পঞ্চায়েত সমিতির আসন সংখ্যা ৪৮টি এবং গোমতী জিলা পরিষদের আসন সংখ্যা ১৩টি l

*******************

**Draft list, Sepahijala:**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচন বিষয়ে সিপাহীজলার জেলাশাসক অফিসের সভাগৃহে আজ সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বিজেপি,

সি.পি.আই.এম, কংগ্রেসে ও তিপ্রা মথা দলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। জেলার অন্তর্গত ৭ টি ব্লক এলাকার মধ্যে জম্পুইজলা ব্লকটি ত্রিপুরা স্বশাসিত এলাকা জেলা পরিষদের অন্তর্গত। বাকি ৬ টি ব্লক মিলে গোটা জেলায় খসড়া ভোটকেন্দ্রের সংখ্যা ৫৩৭ টি বলে জানিয়েছেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার। গোটা সিপাহীজলা জেলায় ১১৬ টি গ্রাম পঞ্চায়েতর ১,২১০টি আসন, ৭৪ টি পঞ্চায়েত সমিতির আসন ও জিলা পরিষদের ১৭ টি আসন রয়েছে।

*******************

**5th phase voting:**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ের ভোটগ্রহণ আজ শেষ হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ৫৭.৩৫ শতাংশ ভোট পড়েছে। ছয়টি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৪৯টি সংসদীয় নির্বাচনী এলাকায় এই পর্বে ভোট নেয়া হয়েছে । এর মধ্যে উত্তর প্রদেশের ১৪টি, মহারাষ্ট্রের ১৩টি, পশ্চিমবঙ্গের সাতটি, ওড়িশা ও বিহারে পাঁচটি করে, ঝাড়খণ্ডের তিনটি এবং জম্মু ও কাশ্মীর এবং লাদাখের একটি করে আসন রয়েছে।

ওড়িশায় বিধানসভা নির্বাচনের দ্বিতীয় পর্বে আজ ৩৫টি আসনের জন্য ভোটগ্রহণ করা হয়।

ঝাড়খণ্ডের গান্ডে এবং উত্তর প্রদেশের লখনউ পূর্ব বিধানসভা আসনের জন্যও আজ ভোটগ্রহণ করা হয়।

আজ সকাল ৭টায় ভোটগ্রহণ শুরু হয়। সন্ধ্যে ৬টা পর্যন্ত ভোট নেয়া হয়।

এই পর্বে ৬৯৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। আজ যাদের ভাগ্য নির্ধারণ করা হয়েছে তাদের মধ্যে রয়েছেন বিজেপি নেতা ও কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং, পীযূষ গোয়েল এবং স্মৃতি ইরানি, কংগ্রেস নেতা রাহুল গান্ধী এবং কে এল শর্মা, ন্যাশনাল কনফারেন্সের ওমর আবদুল্লাহ এবং এলজেপি (রাম বিলাস) চিরাগ পাসওয়ান।

সুষ্ঠু ও নিরপেক্ষ ভোটগ্রহণের জন্য আজ ৯৪ হাজার ৭৩২টি ভোটকেন্দ্রে ৯ লক্ষ ৪৭ হাজার কর্মকর্তা মোতায়েন করা হয়। ভোট কেন্দ্রে পাণীয় জল, ছাউনী, র‍্যাম্প ও হুইলচেয়ারের সুবিধা রাখা হয়।

এখন পর্যন্ত ২৪টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৩৭৯টি সংসদীয় আসনের ভোটগ্রহণ শেষ হয়েছে। সবমিলিয়ে প্রায় ৬৭% ভোট পড়েছে।

*******************

**Press meet:**

খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যে পেট্রোল, ডিজেল সহ নিত্য প্রয়োজনীয় পণ্যের যোগান ও মজুত স্বাভাবিক রয়েছে। খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, বর্তমানে রাজ্যে আইও সি এলের ধর্মনগরিস্থিত ডিপো সহ বিভিন্ন পেট্রোল পাম্পগুলিতে মোট ১ হাজার ৭০০ কিলোলিটার পেট্রোল এবং ২হাজার ৭২৬ কিলোলিটার ডিজেল মজুত রয়েছে। রেল চলাচল স্বাভাবিক হওয়ার পর এফসিআই স্বাভাবিকভাবে রাজ্যে নিত্য প্রয়োজনীয় পণ্যসামগ্রী আমদানী করছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন খাদ্য, সচিব অনিন্দ্য ভট্টাচার্য, অধিকর্তা নির্মল অধিকারী।

*******************

**Election Campaign:**

লোকসভা নির্বাচনের পরবর্তী দুই পর্বের জন্য জোরদার প্রচার চলছে। বরিষ্ঠ রাজনৈতিক নেতারা দলীয় প্রার্থীদের সমর্থনে বিভিন্ন রাজ্যে জনসভা এবং রোড শো করছেন।

প্রধানমন্ত্রী ও  বিজেপি নেতা নরেন্দ্র মোদি আজ ওড়িশা ও পশ্চিমবঙ্গে একাধিক জনসভা করছেন। ওড়িশায়, শ্রী মোদী ঢেঙ্কানাল এবং কটকে জনসভায় ভাষণ দেন। তিনি বলেন, কটক ভারতের প্রাচীনতম শহরগুলির মধ্যে অন্যতম একটি শহর এবং আধুনিক শিক্ষার কেন্দ্রস্থল। তিনি

অভিযোগ করেন, ওড়িশা রাজ্য প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ হওয়া সত্ত্বেও মানুষ দারিদ্র্যের শিকার।

প্রধানমন্ত্রী আজ সকালে পুরীতে দুই কিলোমিটার দীর্ঘ রোডশোর নেতৃত্ব দেন।

পরে, প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গের ঝাড়গ্রাম এবং তমলুকে জনসভায় ভাষণ দেন।

ওড়িশার মুখ্যমন্ত্রী এবং বিজেডি প্রধান নবীন পট্টনায়েকও আজ সন্ধ্যায় একটি মেগা রোডশো এবং কয়েকটি জনসভায় অংশ নিয়েছেন।

আজ হরিয়ানার কারনালে জনসভা করেন বিজেপির বরিষ্ঠ নেতা অমিত শাহ। উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী এবং বিজেপির বরিষ্ঠ নেতা যোগী আদিত্যনাথ চণ্ডীগড়ে একটি সমাবেশে বক্তব্য রাখেন। উত্তরপ্রদেশের ডোমারিয়াগঞ্জে এক জনসভায় ভাষণ দেন সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব।

*******************

**Mourn – India:**

হেলিকপ্টার দুর্ঘটনায় ইরানের প্রেসিডেন্ট ডক্টর সৈয়দ ইব্রাহিম রাইসি এবং পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির-আব্দুল্লাহিয়ানের মৃত্যুতে শ্রদ্ধা জানিয়ে আগামীকাল ভারত একদিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করা হয়েছে। আগামীকাল সারাদেশে পতাকা অর্ধনমিত রাখা হবে ও সরকারিভাবে কোনো বিনোদনমূলক কর্মসূচি থাকবে না।

*******************

**Training of counting staff:**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের ভোট গণনাকে সামনে রেখে আজ বিশালগড়ে গণনা কর্মীদের প্রথম পর্যায়ের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। বিশালগড় পঞ্চায়েত সমিতির হলঘরে অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কর্মসুচিতে অংশ নেন বিশলাগড় মহকুমাধীন ৩টি বিধানসভা কেন্দ্রের গণনা কর্মীরা। জেলা পর্যায়ের মাস্টার ট্রেইনার বিজয় দাস তাদের প্রশিক্ষণ প্রদান করেন। উপস্থিত ছিলেন

সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার, বিশালগড় মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক দেবযানী চৌধুরী প্রমুখ। উল্লেখ্য, আগামী ৪ জুন বিশালগড় মহকুমা শাসক অফিসের গণনা কেন্দ্রের ৩টি হলে চড়িলাম, বিশালগড় ও কমলা সাগর বিধানসভা কেন্দ্রের ভোটগননা করা হবে।

*******************

**CM, Dr. Manik Saha:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা আজ লোকসভা নির্বাচনের প্রচারে পশ্চিমবঙ্গের জয়নগর কেন্দ্রের বিজেপি প্রার্থী ডঃ অশোক কান্ডারীর সমর্থনে একটি জনসভায় অংশগ্রহণ করেন। মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে দেশের কল্যানে কেন্দ্রীয় সরকারের ভুমিকা বিস্তারিত উল্লেখ করেন।

*******************

**Congress Press Meet:**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে জানান, সর্বভারতীয় কংগ্রেস কমিটির নির্দেশে ত্রিপুরা প্রদেশ কংগ্রেসের উদ্যোগে রাজ্যব্যাপী বিভিন্ন ব্লকে সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। ইতিমধ্যেই রাজ্যের ৩৮ টি ব্লকে সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি জানান, বিভিন্ন বিষয়ে আগামীদিনে রাজ্যে বৃহত্তর আন্দোলন কর্মসূচি গ্রহণ করবে প্রদেশ কংগ্রেস। সাংবাদিক সম্মেলনে কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন সিএএ নিয়ে কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেন।

*******************

**CBSE Result South District:**

দক্ষিন জেলার রাজ্য সরকারের  ১১টি স্কুল থেকে এবারের সিবিএসই- র মাধ্যমিক ও দ্বাদশ পরীক্ষায় বসেছিলো ছাত্র-ছাত্রীরা৷ জেলায় মাধ্যমিকে পাশের হার ৮২.৮৩ শতাংশ এবং দ্বাদশ পরীক্ষায় পাশের হার ৬৩.৫২ শতাংশ। স্কুলগুলিতে কম্পাটমেন্টাল পাওয়া ছাত্র-ছাত্রীদের কোচিং শুরু

হয়েছে। শীঘ্রই ফলাফল পর্যালোচনা  করতে বৈঠক ডাকা হবে বলে জানান জেলা শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার। জেলায় এবার সাব্রুম ইংলিশ মিডিয়াম স্কুল থেকে মাধ্যমিকে ৯৬.২৫ শতাংশ ও দ্বাদশে ৯৫.৭৭ শতাংশ ছাত্র-ছাত্রী পাশ করে ফলাফলের নিরীখে জেলায় প্রথম স্থানে রয়েছে বলে জানান  জেলা শিক্ষা আধিকারিক। প্রথমবার পরীক্ষায় বসে বাইখোড়া ও ঋষ্যমুখ দ্বাদশ স্কুলের ছাত্র-ছাত্রীরাও ভালো ফলাফল করলেও জেলার রাজনগর কলোনি দ্বাদশ বড়পাথরী দ্বাদশ, মনুবনকুল দ্বাদশ ও বীরচন্দ্রমনু শহীদ স্মৃতির ছাত্র-ছাত্রীরা ফলাফল ভালো করতে পারেনি বলেও জানান তিনি।

*******************

**Vidya jyoti:**

খোয়াই মহকুমা ম্যাজিস্ট্রেট তথা বিদ্যাজ্যোতি স্কুলের পরিচালন কমিটির চেয়ারম্যান মেঘা জৈন আজ খোয়াই মহকুমার পাঁচটি বিদ্যাজ্যোতি স্কুলের প্রধান শিক্ষকদের নিয়ে বৈঠক করেন। খোয়াই মহকুমা ম্যাজিস্ট্রেট কার্যালয়ের কনফারেন্স হলে  অনুষ্ঠিত বৈঠকে মূলত: বিদ্যাজ্যোতি স্কুলগুলির খারাপ ফলাফলের কারণ অনুসন্ধান পরবর্তী সময়ে ফলাফল ভালো করার বিষয়ে  আলোচনা হয়।

*******************

**DYFI and TYF:**

ডিওয়াইএফআই এবং টিওয়াইএফআই এর যৌথ উদ্যোগে আজ লেম্বুছড়ার যুবতারাতে বৃক্ষরোপণ কর্মসূচী পালন করা হয়েছে। উপস্থিত ছিলেন বামুটিয়ার বিধায়ক নয়ন সরকার, পশ্চিম জেলার জিলা পরিষদের প্রাক্তন সভাধিপতি দিলীপ দাস সহ ডিওয়াইএফআই, টিওয়াইএফের স্থানীয় নেতৃবৃন্দ।

*******************

**Inter School Cricket:**

সদরের আন্ত: স্কুল ক্রিকেট প্রতিযোগিতায় আজ গ্রুপ পর্বের শেষ তিনটি খেলা হয়। এতে রামঠাকুর পাঠশালা, নেতাজী সুভাষ বিদ্যানিকেতন ও মহাত্মা গান্ধী মেমোরিয়াল স্কুল জয়লাভ করেছে। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে অনুষ্ঠিত সকালের খেলায় রামঠাকুর পাঠশালা ৯ উইকেটে ডুকলির মধুবন স্কুলকে এবং একই মাঠে দুপুরের খেলায় নেতাজী সুভাষ বিদ্যানিকেতন ৬ উইকেটে ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুলকে পরাজিত করে। অপরদিকে, তালতলা মাঠে সকালের খেলায় মহাত্মা গান্ধী মেমোরিয়াল স্কুল ৯ উইকেটে প্রাচ্য ভারতী স্কুলকে হারিয়ে দেয়।

*******************

**Senior Cricket Santirbazar:**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চ্যালেঞ্জার ট্রফির আজকের ম্যাচে মা মহেশ্বরী কালী মন্দিরকে ৭ উইকেটে হারাল চুংকু থাংগা। বাইখোড়া মাঠে টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে মা মহেশ্বরী কালী মন্দির ১৭ওভার ৪ বলে ৭০ রানে অলআউট হয়ে যায়। জবাবে ৮ ওভার ৪ বলে ৩ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। বিজয়ী দলের সফল বোলার মতেন্দ্র রিয়াং ৪ উইকেট লাভ করে।

*******************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চৌত্রিশ দশমিক দুই ডিগ্রি এবং সর্বনিম্ন চব্বিশ ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*******************

*******************